

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৪৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭, কাবা ঘরের দিকে ফিরে যাওয়া এবং নামাযের যে কোন পর্যায়ে কিবলার দিকে মোড নেয়া বৈধ

بَابُ التَّحْويل إِلَى الْكَعْبَةِ وَجَوَازِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي بَعْضِ الصَّلاةِ

## আরবী

نَا عَبْدُ الْوَهَّابِ بْنُ عِيسَى بْنِ أَبِي حَيَّةً \_ إِمْلَاءً \_ ، نَا إِسْحَاقُ بْنُ أَبِي إِسْرَائِيلَ ، نَا صَالِحُ بْنُ قُدَامَةَ أَبُو مُحَمَّدٍ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ ، عَنِ ابْنِ عُمَرَ ، قَالَ : " بَيْنَمَا النَّاسُ فِي صَلَاةِ الصَّبْحِ فِي قُبَاءَ ، إِذْ جَاءَهُمْ رَجُلٌ ، فَقَالَ : إِنَّ رَسُولَ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ أُنْزِلَ عَلَيْهِ اللَّيْلَةَ قُرْآنٌ ، وَأَمَرَهُ أَنْ يَسْتَقْبِلَ الْكَعْبَةَ ، أَلَا فَاسْتَقْبِلُوهَا . وَكَانَتْ وُجُوهُ النَّاسِ إِلَى الشَّامِ ، فَاسْتَدَارُوا مُوجِّهِينَ إِلَى الْكَعْبَةِ

## বাংলা

১০৪৪(১). আবদুল ওয়াহ্হাব ইবনে ঈসা ইবনে আবু হায়া (রহঃ) ... ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা লোকজন কুবার মসজিদে ফজরের নামাযরত অবস্থায় ছিল। তখন এক ব্যক্তি এসে বলল, নিশ্চয়ই আজ রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর কুরআন নাযিল হয়েছে এবং তাঁকে কা'বার দিকে ফিরে নামায পড়ার নির্দেশ দেয়া হয়েছে। অতএব শোন! তোমরাও কাবার দিকে ঘুরে যাও। তখন লোকজনের মুখমণ্ডল সিরিয়ার (বায়তুল মাকদিসের) দিকে ছিল। অতএব তারা তৎক্ষণাৎ কা'বার দিকে ঘুরে গেল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন